দৈনিক বাংলা

143

তারিখ ... 16 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধ প্রশ্নে সংসদীয় কমিটি

।। বিশেষ সংবাদদাতা ।।

শিক্ষাঙ্গনে সন্ত্রাস পরিস্থিতি পর্যালোচনা এবং রোধের উপায় উদ্ভাবনের জন্য ১৫ সদস্যের একটি সংসদীয় কমিটি গঠন করা হয়েছে।

গতকাল জাতীয় সংসদে এই কমিটি গঠনের কথা ঘোষণা করে সংসদের উপনেতা ডাঃ বদরুদ্দোজা চৌধুরী কমিটির ১৫ জন সদস্যের নাম প্রকাশ করেন। উল্লেখ্য সংসদের গত অধিবেশনেই এই কমিটি গঠনের

(৪-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস

(প্রথম পৃঃ পর)

সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। এ সময় কমিটিতে সরকারী দলের সদস্যদের নাম দেয়া হলেও বিরোধী দলের পক্ষ থেকে নাম পাওয়া না যাওয়ায় কমিটি গঠন বিলম্বিত হয়। গত পরশু বিরোধীদলীয় সদস্যদের নাম পাওয়ার পর গতকাল এই কমিটি গঠনের কথা ঘোষণা করা হয়।

আইনমন্ত্রী মির্জা গোলাম হাফিজের সভাপতিত্বে গঠিত এই কমিটির অপর ১৪ জন সদস্য হচ্ছেন ঃ সংসদের উপনেতা ডাঃ বদরুদ্দোজা চৌধুরী, কৃষিমন্ত্রী মেজর জেনারেল মজিদ-উল হক, (অবঃ), স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী, শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির-উদ্দিন সরকার, চীফ হুইপ খন্দকার দেলোয়ার হোসেন, জ্বালানী ও খনিজ সম্পদমন্ত্রী ডঃ খন্দকার মোশাররফ হোসেন, লেঃ জেনারেল মীর শওকত আলী (অবঃ), তোফায়েল আহমদ, বিরোধী দলের চীফ হুইপ মোহাম্মদ নাসিম, বেগম মতিয়া চৌধুরী, অধ্যাপক আবদুল মান্নান, ডঃ মিজানুল হক, রাশেদ খান মেনন ও শেখ আনছার আলী।